

ED/MIS-11
02/03/26

নং- ০৩.০৬.৭৮৯৫.৩৩২.১১.০০৩.২৩/২৬

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২
০১ মার্চ ২০২৬

“আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় জনবল নিয়োগ বিজ্ঞপ্তি”

পটুয়াখালী ইপিজেড স্থাপন প্রকল্পে আউটসোর্সিং এর মাধ্যমে সরাসরি নিয়োগযোগ্য নিম্নলিখিত পদসমূহে সাকুল্য বেতনে আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০২৫ মোতাবেক শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	সেবার ক্যাটাগরি	সাকুল্যে মাসিক বেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	ড্রাফটসম্যান (গ্রেড-১৪)	১	ক্যাটাগরি -১	১৮,৫১৪.০০	ডিপ্লোমা-ইন-আর্কিটেকচার সহ ০১ বছরের বাস্তব অভিজ্ঞতা।

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণীয়ঃ

- (১) আবেদনকারীকে অবশ্যই বেপজা কর্তৃক প্রবর্তিত চাকুরির আবেদন ফরমে চাহিত প্রয়োজনীয় তথ্যাদি পূরণপূর্বক আবেদন করতে হবে অন্যথায প্রার্থীর আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। উক্ত আবেদন ফরমটি বেপজার ওয়েবসাইট www.bepza.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।
- (২) আগামী ১৬ মার্চ ২০২৬ তারিখের মধ্যে লিখিত দরখাস্ত প্রকল্প পরিচালক, পটুয়াখালী ইপিজেড প্রকল্প, বেপজা কমপ্লেক্স, লেভেল-২, বাড়ী নং- ১৯/ডি, রোড নং-০৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বরাবর ডাকযোগে কিংবা অন্য কোন উপায়ে পৌছাতে হবে।
- (৩) উল্লিখিত তারিখের পর ডাকযোগে কিংবা অন্য কোন উপায়ে প্রেরিত দরখাস্ত গ্রহণ করা হবে না।
- (৪) ০১ মার্চ ২০২৬ তারিখের প্রার্থীর বয়সসীমা ১৮-৬০ বছরের মধ্যে থাকতে হবে এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। বয়সের ক্ষেত্রে এ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- (৫) অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- (৬) দরখাস্তের খামের উপর প্রার্থীর পদের নাম এবং নিজ জেলার নাম উল্লেখ করতে হবে। দরখাস্তের সাথে ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।
- (৭) চাকুরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।
- (৮) কেবলমাত্র নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ বিজ্ঞপ্তিতে উল্লিখিত চাকুরির আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক আবেদন করতে পারবেন।
- (৯) “বেপজা” এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক থেকে ১০০/- টাকার মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে।
- (১০) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা লিখিত/মৌখিক পরীক্ষার কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখলিকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষ সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- (১১) এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী, প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য প্রযোজ্য এবং স্থায়ী রাজস্ব পদে নিয়োগের কোন প্রতিশ্রুতি দেয়া হবে না।
- (১২) এ নিয়োগ সাকুল্যে বেতনে চুক্তিভিত্তিক (শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য)। প্রকল্পের মেয়াদ শেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নির্বাচিত প্রার্থীর নিয়োগপত্র-ই অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে।
- (১৩) কোন তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।

স্বা/-
মুহাম্মদ শফিকুল ইসলাম
প্রকল্প পরিচালক
পটুয়াখালী ইপিজেড প্রকল্প
বেপজা কমপ্লেক্স, বেপজা, ঢাকা-১২০৫
ইমেইল: pd.pepza@bepza.gov.bd

অনুলিপি:

- (১) নির্বাহী পরিচালক (প্রশাসন), বেপজা, ঢাকা।
- (২) নির্বাহী পরিচালক (এমআইএস), বেপজা, ঢাকা-বেপজার ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল।
- (৩) নির্বাহী পরিচালক (জনসংযোগ), বেপজা, ঢাকা- নিয়োগ বিজ্ঞপ্তিটি বহল প্রচারিত একটি বাংলা এবং একটি ইংরেজী পত্রিকায় প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল।
- (৪) পরিচালক (সমন্বয়) এর মাধ্যমে নির্বাহী চেয়ারম্যান, বেপজা, ঢাকা।
- (৫) উপ-প্রকল্প পরিচালক, পটুয়াখালী ইপিজেড প্রকল্প, বেপজা, ঢাকা।
- (৬) সমন্বয় কর্মকর্তার মাধ্যমে সদস্য (প্রকৌশল/অর্থ), বেপজা, ঢাকা।
- (৭) নথি।

CP
CO
#2
02/03/26

02/06/2024
প্রকল্প পরিচালক